

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অডিট শাখা
www.ird.gov.bd

নম্বর: ০৮.০০.০০০০.০০০.০৩৫.০১.০০০১.২৪.৩৪

তারিখ: ২৭ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

ত্রি-পক্ষীয় সভার নোটিশ

বিষয়: কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা এর বিভিন্ন সনের অনিষ্পন্ন এসএফআইভুক্ত ২৩টি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা আহ্বান।

কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা এর বিভিন্ন সনের অনিষ্পন্ন এসএফআইভুক্ত ২৩টি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে আগামী ২৩-০৪-২০২৫ তারিখ ২.৩০টায় এ বিভাগের সম্মেলন কক্ষে যুগ্মসচিব (বাজেট ও উন্নয়ন) জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান পাটওয়ারী এর সভাপতিত্বে একটি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচী:

- (ক) কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা এর বিভিন্ন সনের অনিষ্পন্ন এসএফআইভুক্ত ২৩টি অডিট আপত্তির উপর আলোচনা-পর্যালোচনা
(খ) বিবিধ।

০২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রম অনুরোধ করা হলো।

১০-০৪-২০২৫
হোসনে আরা পারভীন
সহকারী সচিব
+৮৮০২৫৫১০০৫২৭
hosneara.parvin@ird.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য, কাস্টমস নিরীক্ষা আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য, জাতীয় রাজস্ব বোর্ড (প্রথম সচিব/দ্বিতীয় সচিব পর্যায়ের ০১ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)।
- ২। মহাপরিচালক, রাজস্ব অডিট অধিদপ্তর (০২ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো। সংযুক্তি: প্রমাণকসহ সভার কার্যপত্র- ২৫ পাতা)।
- ৩। জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান পাটওয়ারী, যুগ্মসচিব (বাজেট ও উন্নয়ন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
- ৪। যুগ্মসচিব, সচিবালয় নিরাপত্তা শাখা, জননিরাপত্তা বিভাগ (সভায় আগত কর্মকর্তাদের সচিবালয়ে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। কমিশনার, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা (প্রমাণকসহ কার্যপত্রের ১০ সেট সভায় উপস্থাপনসহ ০৩ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। জনাব রেদোয়ান আহমেদ, উপসচিব, উন্নয়ন অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
- ৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৩ (সেবা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (সম্মেলন কক্ষ প্রস্তুত রাখাসহ আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

- ৯। জনাব হোসনে আরা পারভীন, সহকারী সচিব (অডিট), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
১০। জনাব রবিউল আওয়াল, প্রশাসনিক কর্মকর্তা, অডিট শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সহকারী প্রোগ্রামার, আইসিটি, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (নোটিশটি ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।
৩। ব্যক্তিগত কর্মকর্তা, বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন-৩ (সেবা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

